



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর: ১৭৪

জয়িতা অন্বেষণে বাংলাদেশ শীর্ষক প্রেস ব্রিফিং

রাজশাহী: ১৭ মাঘ (৩১ ডিসেম্বর):

আজ মঙ্গলবার (৩১ ডিসেম্বর) বেলা এগারোটায় রাজশাহী বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন কক্ষে জয়িতা অন্বেষণে বাংলাদেশ কার্যক্রমের আওতায় বিভাগীয় পর্যায়ে জয়িতা নির্বাচন ও সংবর্ধনা অনুষ্ঠান সম্পর্কিত প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়। স্থানীয় সরকার বিভাগের পরিচালক মোঃ এনামুল হক বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকদের ব্রিফ করেন।

তিনি জানান, আগামী বৃহস্পতিবার (০২ ফেব্রুয়ারি) সকাল দশটায় জেলা শিল্পকলা একাডেমিতে মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে রাজশাহী বিভাগের শ্রেষ্ঠ জয়িতাদের সংবর্ধনা দেয়া হবে। মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা, এমপি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্যুয়ালি যুক্ত হবেন।

৫টি ক্যাটাগরিতে প্রাথমিকভাবে নির্বাচিত ১০ জনের মধ্যে থেকে চূড়ান্তভাবে নির্বাচিত ৫ জন শ্রেষ্ঠ জয়িতাকে ২৫ হাজার টাকা, সনদ, ক্রেস্ট ও উত্তরীয় প্রদান করা হবে।

অনুষ্ঠানে রাজশাহী বিভাগের ৮ জেলা থেকে নির্বাচিত অপর ৩৫ জন জয়িতাকে ৫০০০ টাকা, সনদ, ক্রেস্ট ও উত্তরীয় তুলে দেয়া হবে।

.....
তৌহিদুজ্জামান/সিকান্দার/রুহুল/হালিম/২০২৩/ ১৩:০০ ঘ.